

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৬৯

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ অনুমানকারীর প্রতি নির্দেশ হলো যখন তিনি এক-দশমাংশ বা বিশ ভাগের এক ভাগ ওশর গ্রহণ করবেন, তখন মালিকের খাওয়ার জন্য জন্য এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ তাজা খেজুর ছেড়ে দেওয়া

ذِكْرُ الْأَمْرِ لِلْخَارِصِ أَنْ يَدَعَ ثُلُثَ التَّمْرِ أَوْ رُبُعَهُ لِيَأْكُلَهُ أَهْلُهُ رُطَبًا غَيْرَ دَاخِلٍ فِيمَا يَأْخُذُ مِنْهُ الْعُشْرَ أَوْ نِصِفَ الْعُشْر

আরবী

3269 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّتَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّتَنَا شُعْبَةُ أَخْبَرَنَا خُبَيْبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ مَسْعُودِ بْنِ نِيَارٍ يُحَدِّثُ قَالَ: جَاءَنَا سَهْلُ بْنُ أَبِي حَثْمَةَ إِلَى مَسْجِدِنَا فحدَّتَنَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: جَاءَنَا سَهْلُ بْنُ أَبِي حَثْمَةَ إِلَى مَسْجِدِنَا فحدَّتَنَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا خَرَصْتُمْ فَخُذُوا وَدَعُوا الثَّلْثَ فَإِنْ لَمْ تَدْعُوا الثلث فدعوا الربع) (إِذَا خَرَصْتُمْ فَخُذُوا وَدَعُوا الثُّلُثَ فَإِنْ لَمْ تَدْعُوا الثلث فدعوا الربع) الراوي: عَبْد الرَّحْمَنِ بْنِ مَسْعُودِ بْنِ نِيَارٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: و266 اخلاصة حكم المحدث: ضعيف _ ((ضعيف أبي داود))

قَالَ أَبُو حَاتِمٍ: لِهَذَا الْخَبَرِ مَعْنَيَانِ أَحَدُهُمَا: أَنْ يُتْرَكَ الثُّلُثُ أَوِ الرُّبُعُ مِنَ الْعُشْرِ. وَالتَّانِي: أَنْ يُتْرَكَ ذَلِكَ حَائِطًا كبيراً يحتمله.

বাংলা

৩২৬৯. আব্দুর রহমান বিন মাসউদ বিন নিয়ার বর্ণনা করেন, "আমাদের মাসজিদে সাহল বিন আবূ হাসমাহ রাদ্বিয়াল্লাভ্ আনভ্ এসে হাদীস বর্ণনা করেন। নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তোমরা ফল-ফলাদি অনুমান করবে, তখন এক-তৃতীয়াংশ ছেড়ে দিয়ে উশর গ্রহণ করবে। যদি তোমরা এক-তৃতীয়াংশ ছাড়তে না চাও, তবে এক-চতুর্থাংশ ছেড়ে দিবে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটির দুটো অর্থ রয়েছে। একটি হলো, উশর থেকে এক-



তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ ছেড়ে দেওয়া। দ্বিতীয়টি হলো, উশর বের করার আগে এক-তৃতীয়াংশ ছেড়ে দেওয়া। যদি সেটা সম্ভাব্য বড় বাগান হয়ে থাকে।"

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৯৫; মুসনাদ আহমাদ: ৩/৪৪৮; আবূ দাউদ: ১৬০৫; নাসাঈ: ৫/৪২; তিরমিয়ী: ৬৪৩; তাহাবী: ২/৩৯; ইবনু খুয়াইমাহ: ২৩১৯; হাকিম: ১/৪০২; সুনান বাইহাকী: ৪/২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ২৮১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন